

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
পরিবহন পুলভবন, সচিবালয় সংযোগ সড়ক,
ঢাকা-১০০০।
বাজেট শাখা
www.molwa.gov.bd

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৫০.০০১.১৯.৩২

তারিখ: ৪ মাঘ ১৪২৭

১৮ জানুয়ারি ২০২১

বিষয়: বীর মুক্তিযোদ্ধাদের MIS এ তথ্য সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, উপজেলা ও জেলা প্রশাসন এবং সমাজসেবা কার্যালয়ের প্রত্যক্ষ সহায়তায় প্রস্তুতকৃত বীর মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত MIS টি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডকরত: সংক্ষিপ্তাকারে সকলের জন্য উন্মুক্ত করা হয়েছে। ওয়েবসাইটে উন্মুক্ত করার প্রেক্ষিতে বীর মুক্তিযোদ্ধাদের জাতীয় পরিচয়পত্র, ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্য, মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদির ক্ষেত্রে কিছু ত্রুটি রয়েছে মর্মে প্রতীয়মান। উক্ত ত্রুটিসমূহ দূর করার জন্য নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে: জা

- জাতীয় পরিচয়পত্রের তথ্য এবং ছবি'র অসামঞ্জস্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার প্রোফাইলটি ডিলিট করত: তথ্যাদি পুনরায় এন্ট্রি প্রদান করা;
- একজন বীর মুক্তিযোদ্ধার নামে মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত ৩৩ (তেরিশ) টি প্রমাণকের একাধিক প্রমাণকে নাম থাকা সত্ত্বেও কোন কোন ক্ষেত্রে শুধু একটি প্রমাণকের তথ্যাদি MIS এ এন্ট্রি প্রদান করা হয়েছে, যা বিভিন্ন জটিলতার সৃষ্টি করছে বিধায় একজন বীর মুক্তিযোদ্ধার যতগুলো স্বীকৃত প্রমাণকে নাম রয়েছে তা সংগ্রহ করত: সংযোজন বা সংশোধন করা;
- MIS এ ব্যাংক হিসাব নম্বর ও হিসাবধারীর নাম উল্লেখের ক্ষেত্রে ব্যাংক হিসাবে ইংরেজিতে যেভাবে লিখিত হয়েছে, ঠিক একইরূপভাবে ডিজিটসহ (১৩ বা ১৭ ডিজিট) তথ্য সংযোজন বা সংশোধন করা। প্রয়োজনে সংশ্লিষ্ট ব্যাংক শাখার সহায়তা গ্রহণ করা যেতে পারে;
- মৃত বীর মুক্তিযোদ্ধার ক্ষেত্রে সম্মানি ভাতা প্রাপ্য প্রত্যেক সুবিধাভোগীর পৃথকভাবে নাম উল্লেখ করত: সংশ্লিষ্ট ভাতাভোগীর নামে পরিচালিত ব্যাংক হিসাব নম্বর ও নাম উল্লেখ করা। যৌথ নামে পরিচালিত হিসাব ব্যতীত কোন একটি ব্যাংক হিসাব নম্বর ব্যবহারপূর্বক পরিবারের অন্যান্য সদস্যদের নামের বিপরীতেও একই ব্যাংক হিসাব নম্বর ব্যবহার করা হলে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে তথ্যের পার্থক্যের কারণে সম্মানি ভাতা জমা হবে না বিধায় প্রত্যেক সুবিধাভোগীর নাম ও হিসাব নম্বর ব্যাংকের তথ্যের অনুরূপভাবে উল্লেখ করা;
- বীর মুক্তিযোদ্ধার পরিবারের সদস্যদের মধ্যে ভাতা বিতরণের ক্ষেত্রে "বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণ আদেশ, ২০২০" এর সহায়তা গ্রহণ করা;
- MIS এ এন্ট্রিকৃত বীর মুক্তিযোদ্ধা বা সুবিধাভোগীর তথ্যাদি প্রয়োজনে এক্সেল ফরম্যাটে ডাউনলোডকরত: যেক্ষেত্রে মোবাইল নম্বর উল্লেখ করা হয়নি, সম্মানি ভাতা'র অর্থ জমা করার তথ্যাদি এসএমএসের মাধ্যমে অবহিত করাসহ অন্যান্য তথ্যাদি শেয়ার করার লক্ষ্যে মোবাইল নম্বর সংগ্রহকরত: পুনরায় এন্ট্রি প্রদান করা;
- MIS টি বীর মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তথ্যভান্ডার হবে বিধায় সম্মানি ভাতা গ্রহণ না করলেও সকল বীর মুক্তিযোদ্ধার (শহিদ, যুদ্ধাহত, খেতাবপ্রাপ্ত বা সাধারণ শ্রেণি) তথ্যাদি উক্ত সফটওয়্যারে এন্ট্রি/অনুমোদন প্রদান করা। প্রয়োজনে ff.molwa.gov.bd এর সহায়তা গ্রহণপূর্বক সংশ্লিষ্ট উপজেলা/এলাকাভিত্তিক বীর মুক্তিযোদ্ধার তথ্যাদি সংগ্রহ করা যেতে পারে;
- ইতোপূর্বে প্রদত্ত User ID & Password ব্যবহার করত: MIS এর ওয়েবলিংক

mis.molwa.gov.bd তে এক্সেস গ্রহণ করা যাবে। উপজেলা পর্যায়ে উপজেলা সমাজ সেবা কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী অফিসার এবং মহানগর পর্যায়ে উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এবং জেলা প্রশাসক কর্তৃক তথ্যাদি সংযোজন, সংশোধন বা বিয়োজন করা যাবে।

০২। এমতাবস্থায়, বীর মুক্তিযোদ্ধাদের পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত MIS সম্পূর্ণকরত: 'ডিজিটাল বাংলাদেশ' প্রতিষ্ঠার অংশ হিসেবে জিটুপি পদ্ধতিতে বীর মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা বিতরণের লক্ষ্যে উপরোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণকরত: পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৮-১-২০২১

মোঃ মতিয়ার রহমান

উপসচিব

ফোন: ৯৫৫ ০১৩৩

ইমেইল: dsbudget@molwa.gov.bd

বিতরণ :

- ১) জেলা প্রশাসক (মহানগরের ক্ষেত্রে)
- ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০৬.৫০.০০১.১৯.৩২/১(১৩৯)

তারিখ: ৪ মাঘ ১৪২৭
১৮ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার (সকল)
- ২) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৩) জেলা প্রশাসক (মহানগর ব্যতীত সকল)
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৫) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল) -(উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করার অনুরোধসহ)
- ৬) সহকারী একান্ত সচিব, মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়



১৮-১-২০২১

মোঃ মতিয়ার রহমান

উপসচিব